


যুগান্তর

২ সেপ্টেম্বর ২০১৪ • ১৮ ভাদ্র ১৪২১



পটুয়াখালীতে ধানের পরীক্ষা মূলক প্লট

প্রতিকূল আবহাওয়ায় চাষযোগ্য ধান

মোঃ জাফর খান/এইচএম ফোরকান, দশমিনা থেকে

প্রকৃতির বিরূপ আবহাওয়ায় তথা জলবায়ু পরিবর্তন ঠেকাতে পারছে না পটুয়াখালীর দশমিনা উপজেলার বীজ বর্ধন খামারের চাষাবাদ। চলতি মৌসুমে চাষাবাদ হচ্ছে দু'সপ্তাহ পানির নিচে তলিয়ে নষ্ট না হওয়া জাতের ধান। জানা যায়, ২৪৫ কোটি টাকা ব্যয়ে নির্মিত দেশের সর্ববৃহৎ বীজ বর্ধন খামার পটুয়াখালী জেলার পূর্বে দশমিনা উপজেলার বাঁশবাড়িয়া চরে অবস্থান। প্রতিবছর ঝড় জলোচ্ছ্বাস ও জলবায়ু পরিবর্তনের ফলে ফসলে ব্যাপক ক্ষতিসাধন হয়। সর্বশান্ত হয় এ অঞ্চলের কৃষকরা। অধিক উৎপাদন ও খাদ্য সংকট দূর করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাগর উপকূল পটুয়াখালী দশমিনা উপজেলার বাঁশবাড়িয়া চরে দেশের

সর্ববৃহৎ বীজ বর্ধন খামার স্থাপনের সিদ্ধান্ত নেন। ২০১৩ সালের ১৯ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বীজ বর্ধন খামার উদ্বোধন করেন। জলবায়ু সহনশীল বীজ ও ফসল উৎপাদনের লক্ষ্যে বিএডিসির গবেষকরা গবেষণা শুরু করেন। গবেষকদের প্রাথমিক গবেষণায় চাষকৃত ফসল ও বীজ উৎপাদনে সফলতার আলোর মুখ উজ্জ্বল হয় বলে সংশ্লিষ্টরা জানান। প্রাথমিক গবেষণায় গত বছর ৩৮২ মেট্রিক টন বীজ ও ফসল উৎপাদন হয়। চাষকৃত জমির মধ্যে ১২০ একর জমিতে উফশী ব্রিধান-৫২'র ফলাফল লক্ষ্যমাত্রার অধিক উৎপাদন হয়। এ জাতীয় বীজতলা ও রোপণকৃত চারা একবারে ১৪ দিন পানির নিচে তলিয়ে থাকলেও কোনো ক্ষতি হয় না বলে খামার কর্তৃপক্ষ জানান।